আলমডাঙ্গার গার্মেন্টস পট্টিতে সাটার ভেঙে চার দোকানে চুরি

আলমডাঙ্গা পৌর শহরের গার্মেন্টস পট্টিতে এক রাতে চার দোকানে চুরির ঘটনা ঘটেছে। বুধবার ভোর রাত ছয়টার দিকে শহরের ৩টি গার্মেন্টস ও একটি কাপড়ের দোকানে এই চুরি হয়।

সিসিটিভির ফুটেজে চোরদের দেখা গেলেও তাৎক্ষণিকভাবে শনাক্ত করতে পারেনি স্থানীয় ও পুলিশ । পুলিশ ঘটনাস্থল থেকে সিসিটিভির ফুটেজ সংগ্রহ করেছে।

পৌর শহরের আজিমউদ্দিন সুপার মার্কেটে বিভা লাইফে ১ লাখ ৫০ হাজার টাকা, শুভেচ্ছা গার্মেন্টসে ৪৫ হাজার টাকা, মামুন কালেকশন থেকে ২৫ হাজার টাকা, সাইজি গেঞ্জি কালেকশন থেকে ৪৫ হাজার টাকা। ৪ টি দোকান থেকে প্রায় আড়াই লক্ষাধিক নগত টাকা ও মালামাল নিয়ে যায়। এছাড়াও দুটি দোকানে সাটার উঁচু করে ভেতরে প্রবেশ করতে না পেরে চলে যায় চোরেরা।

এ বিষয়ে বাজার আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন বলেন, বাজারের নাইটগার্ডরা ফজরের আজানের সময় ডিউটি শেষ করে চলে যান। সক্রিয় চোর চক্রের সদস্যরা ভোর ৬ টার দিকে মার্কেটের পিছনের সাটারের তালা ভেঙে প্রবেশ করে।

আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলাম বলেন, সিসিটিভিতে দেখে বোঝা যায় ছিঁচকে চোরেরা এই চুরির ঘটনা ঘটিয়েছে। সিসিটিভি ফুটেজ ব্যবসায়ী ও কর্মচারীদের দেখানো হবে। ফুটেজ দেখে কেউ তাৎক্ষণিক চোর শনাক্ত করতে পারেনি। যে কোনো মূল্যে চোর ধরার জন্য পুলিশি অভিযান শুরু হয়েছে।